



পাপ মুছে ফেল!

"যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য হজ্ব করে এবং কোন অশ্লীল কাজ বা মন্দ কাজ করে না সে সেই দিনের মত ফিরে আসে যেদিন তার মা তাকে জন্ম দিয়েছিলেন।" [বুখারী, মুসলিম]

"যে ব্যক্তি আরাফার দিনে রোজা রাখবে, আমি আশা করি আল্লাহ তার আগের বছরের গুনাহ এবং পরের বছরের গুনাহ মাফ করবেন।" [মুসলিম]

গুনাহ মাফ করা যায় যে কোনো স্থানে, ব্যক্তি যেখানেই থাকুক না কেন: আরাফাহ বা কাবায় উপস্থিত হওয়া অপরিহার্য নয়- কিন্তু অনেক উপকার, দোয়া এবং হৃদয়গ্রাহী অনুভূতি যা এই প্রতীক, স্থান এবং হজ্বের আচার-অনুষ্ঠানের মাধ্যমে পাওয়া যায় (যা অন্য কোথাও পাওয়া যায় না) তা আন্তরিকতার সাথে ক্ষমা চাওয়ার জন্য একটি ভাল পরিবেশ সৃষ্টি করে।

এগুলি সেই স্থান যেখানে নবীদের উপর আল্লাহর আশীর্বাদ ও করুণা অবতীর্ণ হয়েছে, যেখানে নবীদেরকে আল্লাহর হেদায়েতের আলো বর্ষণ করা হয়েছে, যেখানে আল্লাহ ও তাঁর নবীদের নিদর্শন সর্বত্র পাওয়া যায়, যেখানে অতীতে আল্লাহর ভক্তরা তাঁর সাথে কথোপকথন করেছেন, এবং যেখানে সমস্ত তীর্থযাত্রীরা একত্রিত হয়, প্রার্থনা করে, কাঁদে এবং ক্ষমার জন্য একসাথে দোয়া করে। এসব স্থানের পরিবেশ অবশ্যই তীর্থযাত্রীদের হৃদয়ের গভীর থেকে দোয়া করতে সাহায্য করে যার ফলে প্রার্থনা কবুল হয়।

কিন্তু ক্ষমা কিছু শর্তের সাথে আবদ্ধ এবং কর্মের ভিতরের এবং বাহিরের কিছু বাধা অপসারণের উপর নির্ভর করে। যদি বান্দা নিশ্চিত হতে পারে যে সে প্রতিটি শর্ত পূরণ করেছে এবং প্রতিটি বাঁধা দূর করেছে, তবে অবশ্যই এই ধরনের কাজে পাপের প্রায়শ্চিত্ত হবে।

কিন্তু এমন একটি কাজ সম্পর্কে কী হবে যা [নিজেই] সম্পূর্ণরূপে বা বেশিরভাগ অবহেলার সাথে করা হয়েছে (আন্তরিকতা যেখানে এর মূল এবং আত্মা) এবং তার প্রয়োজনীয়তা বা মূল্যকে সম্মান না করে সম্পাদন করা হয়? প্রকৃতপক্ষে, এমন অসংখ্য জিনিস রয়েছে যা এবাদাতকে নষ্ট করে।

যে কেউ প্রায়শ্চিত্তের আশা করতে পারে যদি এবাদাত করার সময় নিশ্চিত থাকে যে এর বাহ্যিক ও অভ্যন্তরীণ চাহিদা পূরণ হয়েছে এবং তিনি নিজেও রিয়া, দস্ত বা প্রতিদানে [মানুষের কাছ থেকে] কিছু আশা করার অনুভূতি দিয়ে এবাদতটি করেননি।

সূত্রঃ "Worship In Islam " Sulaiman Nadwi / "The Invocation of God" Ibn Qayyim al-Jawziyya / ভাবানুবাদঃ মাসুদ আলী